# বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)

## কোম্পানি সচিবালয়

## বোর্ড উপবিভাগ

## বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫

বিষয় : মে, ২০২৪ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভার স্থান : বাপেক্স বোর্ড রুম

তারিখ ও সময় : ২৮ মে, ২০২৪ দুপুর ১২.০০ টায়

সভাপতি : জনাব মোঃ শোয়েব, ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | জিওবি অর্থায়নে প্রকল্প গ্রহণ | মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) সভায় জানান যে, "বেগমগঞ্জ-৫ ও ৬ এবং সুনেত্র-২ কূপ খনন" শীর্ষক প্রকল্পের কার্যক্রম চলমান আছে। এছাড়া "৪টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (শাহবাজপুর-৫, ৭ এবং ভোলা নর্থ-৩, ৪) এবং ১টি অনুসন্ধান কূপ (শাহবাজপুর নর্থ ইস্ট-১) খনন" শীর্ষক প্রকল্পের DPP পেট্রোবাংলার মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে যা বর্তমানে অর্থ বিভাগে রয়েছে।<br><br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক দ্রুত "বেগমগঞ্জ-৫ ও ৬ এবং সুনেত্র-২ কূপ খনন" শীর্ষক প্রকল্পের DPP পর্ষদ সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন।<br><br>ব্যবস্থাপনা পরিচালক "২টি মুল্যায়ন কাম উন্নয়ন কূপ (সুন্দলপুর-৪ ও শ্রীকাইল-৫) এবং ২টি অনুসন্ধান কূপ (সুন্দলপুর সাউথ-১ ও জামালপুর-১) খনন" শীর্ষক প্রকল্পের আওতায় জামালপুর-১ কূপ খননের অগ্রগতি বিষয়ে জানতে চাইলে প্রকল্প ব্যবস্থাপক ও ড্রিলিং সুপারিনটেনডেন্ট জনাব মো: মোজাম্মেল হক সভায় জানান যে, ফান্ডের অভাবে পণ্য, সেবা ও মালামাল ক্রয়ের Notification of Awards (NoA) দেয়া যাচ্ছে না। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক সেসব পণ্য, সেবা ও মালামালের Notification of Awards (NoA) দেয়া যাচ্ছে না সেসবের তালিকা প্রণয়নের পরামর্শ প্রদান করেন এবং প্রকল্প অনুমোদনের বিষয়ে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট দপ্তরের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার নির্দেশনা প্রদান করেন।<br><br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক বাস্তবায়নাধীন প্রকল্পের অস্থায়ী শ্রমিক খাতের ব্যয় ডিপিপিতে অন্তর্ভুক্ত না করে কোম্পানির রাজস্ব বাজেট হতে ব্যয়ের বিষয়টি অর্ন্তভুক্ত করে পরবর্তী পর্ষদ সভায় কার্যপত্র উপস্থাপন করার নির্দেশনা প্রদান করেন।<br><br>আলোচনার এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আনিসুর রহমান, ড্রিলিং সুপারিনটেনডেন্ট এর প্রতি দৃষ্টি আকর্ষণ করে জামালপুর-১ কূপ খননের জন্য যেসব মালামাল প্রয়োজন সেসব মালামালের তালিকা দ্রুত প্রস্তুত করার নির্দেশনা প্রদান করেন এবং আন্তর্জাতিক কোম্পানি শেভরন বাংলাদেশ এর নিকট পত্র পেরণের | (ক) "বেগমগঞ্জ-৫ ও ৬ এবং সুনেত্র-২ কূপ খনন" শীর্ষক প্রকল্পের DPP পর্ষদ সভায় উপস্থাপন করতে হবে।<br><br>(খ) "৪টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (শাহবাজপুর-৫, ৭ এবং ভোলা নর্থ-৩, ৪) এবং ১টি অনুসন্ধান কূপ (শাহবাজপুর নর্থ ইস্ট-১) খনন" শীর্ষক প্রকল্পের DPP দ্রুত অনুমোদনের লক্ষ্যে পেট্রোবাংলা, মন্ত্রণালয় ও পরিকল্পনা কমিশনের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।<br><br>(গ) "২টি মুল্যায়ন কাম উন্নয়ন কূপ (সুন্দলপুর-৪ ও শ্রীকাইল-৫) এবং ২টি অনুসন্ধান কূপ (সুন্দলপুর সাউথ-১ ও জামালপুর-১) খনন" শীর্ষক প্রকল্পের আওতায় সেসব পণ্য, সেবা ও মালামালের Notification of Awards (NoA) দেয়া যাচ্ছে না সেসব তালিকা প্রণয়ন করতে হবে এবং পরিকল্পনা কমিশনের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।<br><br>(ঘ) বাস্তবায়নাধীন প্রকল্পের আওতায় অস্থায়ী শ্রমিক খাতের ব্যয় ডিপিপিতে অন্তর্ভুক্ত না করে কোম্পানির রাজস্ব বাজেট হতে ব্যয়ের বিষয়টি পরবর্তী পর্ষদ সভায় কার্যপত্র উপস্থাপন করতে হবে।<br><br>(ঙ) জামালপুর-১ কূপ খননের জন্য যেসব মালামাল প্রয়োজন সেসব মালামালের তালিকা দ্রুত প্রস্তুত করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br><br>২। সকল মহাব্যবস্থাপক<br><br>৩। সকল প্রকল্প পরিচালক ও প্রকল্প ব্যবস্থাপক |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | মাধ্যমে তাদের মালামালের তালিকা সংগ্রহ করার পরামর্শ প্রদান করেন। | | |
| ২ | বাপেক্সের ওয়ার্কওভার কাজের শিডিউল নির্ধারণ | বাপেক্সের ওয়ার্কওভার কাজের শিডিউল এর বিষয়ে উপমহাব্যবস্থাপক (আইসিটি) সভায় জানান যে, ওয়ার্কওভার কাজের শিডিউল চূড়ান্ত করে পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, তিতাস ১৩ ও ১৫ কূপে ওয়ার্কওভার কাজের জন্য বিজিএফসিএল হতে দ্রুত পত্র আসবে। তাই ওয়ার্কওভার কাজের জন্য যেসব মালামাল প্রয়োজন হবে সেসবের তালিকা প্রণয়ন করে দ্রুততম সময়ের মধ্যে ক্রয় এবং পরবর্তীতে কোন কূপে ডুয়েল কমপ্লিশন করা যাবে তা নির্ধারণ করে ডুয়েল কমপ্লিশন করার জন্য প্রয়োজনীয় মালামাল ক্রয় করার নির্দেশনা প্রদান করেন।<br><br>এ পর্যায়ে উপমহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস) জনাব শ্যামল কুমার বালো কত গভীরতায় কূপ খননের জন্য মালামাল ক্রয় করতে হবে তা জানতে চাইলে ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, ৩৫০০ মিটার ধরে মালামাল ক্রয় করতে হবে। পরিকল্পনা অনুযায়ী যেন ড্রিলিং কাজ সম্পাদন করা যায় এবং ড্রিলিং করার মালামাল যেন কখনো ঘাটতি না হয় সে লক্ষ্যে প্রয়োজনীয় মালামাল ক্রয় করে স্টক রাখার নির্দেশনা দেন।<br><br>এ পর্যায়ে উপমহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস) জনাব শ্যামল কুমার বালো শেভরনের ৫০০০ টন কেমিকেল স্টক করার লক্ষ্যে কসবায় বর্তমানে যে গুদাম আছে তার পাশাপাশি আরো একটি গুদাম তৈরি করার বিষয়ে প্রস্তাব করলে ব্যবস্থাপনা পরিচালক তাতে সম্মতি প্রদান করেন। | (ক) তিতাস ১৩ ও ১৫ ওয়ার্কওভার কাজের জন্য যেসব মালামাল প্রয়োজন হবে সেসব মালামালের তালিকা প্রণয়ন করে দ্রুততম সময়ের মধ্যে ক্রয় সম্পন্ন করতে হবে।<br>(খ) কোন্ কূপে ডুয়েল কমপ্লিশন করা যাবে তা নির্ধারণপূর্বক ডুয়েল কমপ্লিশন এর জন্য মালামাল ক্রয় করতে হবে।<br>(গ) কসবায় আরো একটি গুদাম তৈরি করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১) মহাব্যবস্থাপক (খনন)<br>২) মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব)<br>৩) মহাব্যবস্থাপক (নির্মাণ) |
| ৩ | ভোলা নর্থ-এর প্রসেস প্ল্যান্ট স্থাপন | মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) সভায় জানান যে, ভোলা নর্থ-এর প্রসেস প্ল্যান্ট স্থাপন সংক্রান্ত প্রকল্পের ডিপিপি এর উপর অনুষ্ঠিত পিইসি সভায় প্রকল্প অনুমোদনের সুপারিশ করা হয়েছে। প্রকল্পটি শীঘ্রই একনেক সভায় উপস্থাপন হওয়ার সম্ভাবনা রয়েছে। ব্যবস্থাপনা পরিচালক পরিকল্পনা কমিশনের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার নির্দেশনা প্রদান করেন। | ক) ডিপিপি অনুমোদন ত্বরান্বিত করার লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। প্রকল্প ব্যবস্থাপক (ভোলা নর্থ প্রসেস প্ল্যান্ট) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৪ | চরফ্যাশন, মনপুরা ও জাহাজমারা এবং মনপুরা এলাকায় ৩ডি সাইসমিক জরিপ কার্যক্রম সংক্রান্ত | ব্যবস্থাপনা পরিচালক চরফ্যাশন, মনপুরা ও জাহাজমারা এবং মনপুরা এলাকায় ৩ডি সাইসমিক জরিপ কার্যক্রম সংক্রান্ত পত্র প্লানিং এন্ড আইসিটি বিভাগে প্রেরণ করা হয়েছে কিনা জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (ভূপদার্থ) বেগম সাবিহা আক্তার খানম জানান যে, চরফ্যাশন ও সুবর্নচর দুটোর জন্যই পত্র দেয়া হয়েছে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক দুটো প্রকল্পই থার্ড পার্টির মাধ্যমে বাস্তবায়ন করার জন্য প্রস্তুত থাকার পরামর্শ প্রদান করেন।<br><br>মহাব্যবস্থাপক (ভূপদার্থ) জনাব হাওলাদার ওহিদুল ইসলাম হবিগঞ্জের পর প্রকল্পের মাধ্যমে শৈলকুপা, মধুমতি ও ... এলাকায় ১২০০ বর্গ লাইন কি. মি বাপেক্সের মাধ্যমে ৩ডি সাইসমিক সার্ভে করা যায় বলে মতামত ব্যক্ত করলে ব্যবস্থাপনা পরিচালক এতে সম্মতি প্রকাশ করেন। এ পর্যায়ে মহাব্যবস্থাপক (ভূপদার্থ) জনাব হাওলাদার ওহিদুল ইসলাম জানান যে, বর্তমানে ৩ডি এর জন্য যে মালামাল মজুদ আছে তা অনেক পুরাতন এবং নতুন ৩ডি সার্ভের জন্য অপ্রতুল তাই নতুন সার্ভের জন্য মালামাল ক্রয় করা প্রয়োজন। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক আগামীতে নতুন রিগ সংগ্রহের পাশাপাশি SGFL এবং BGFCL এর মালামালসহ বাপেক্সের মালামাল সংগ্রহ করতে হবে তাই যথাযথ কর্মপরিকল্পনা করার নির্দেশনা প্রদান করেন। এ প্রসঙ্গে উপমহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) জনাব মোঃ মশিউর রহমান বাপেক্সে WORK ASSOCIATION করার প্রস্তাব করলে ব্যবস্থাপনা পরিচালক যথাযথ প্রক্রিয়ায় প্রস্তাব প্রদান করার নির্দেশনা প্রদান করেন।<br><br>আলোচনার এ পর্যায়ে মহাব্যবস্থাপক (ভূপদার্থ) জনাব হাওলাদার ওহিদুল ইসলাম জানান যে, সুইজারল্যান্ডের একটি প্রতিষ্ঠান Helicopter এর মাধ্যমে Hill Area-তে Air Bond Analysis করে গ্যাস অনুসন্ধানের আগ্রহ প্রকাশ করেছে। গ্যাস অনুসন্ধানে বাপেক্সেও উক্ত প্রযুক্তি-টি Adopt করার বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে ব্যবস্থাপনা পরিচালক এ বিষয়ে যথাযথ উদ্যোগ নেয়ার পরামর্শ প্রদান করেন। | ক) চরফ্যাশন, মনপুরা ও জাহাজমারা এলাকায় ১৯৩০ বর্গ কি. মি. এবং সুবর্ণচর এলাকায় ১০০০ বর্গ কি.মি. ৩ডি সাইসমিক সার্ভে পরিচালনার জন্য ২টি পৃথক প্রকল্প প্রস্তাব প্রণয়ন করে বোর্ডে উপস্থাপনের জন্য কার্যপত্র প্রস্তুত করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (ভূপদার্থ)<br><br>২। উপমহাব্যবস্থাপক, ডাটা প্রসেসিং উপবিভাগ, ভূপদার্থিক বিভাগ |
| ৫ | অকেজো মালামাল Condemn ঘোষণার কার্যক্রম সংক্রান্ত | সভায় মহাব্যবস্থাপক (প্রশাসন) জানান যে, অকেজো মালামাল Condemn ঘোষণার কার্যক্রম সংক্রান্ত চূড়ান্ত প্রতিবেদন দাখিল করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক মহাব্যবস্থাপক (প্রশাসন)-সহ সংশ্লিষ্ট সকলকে এজন্য ধন্যবাদ জ্ঞাপন করেন এবং কমিটির সুপারিশ অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | অকেজো মালামাল Condemn ঘোষণার কার্যক্রম সংক্রান্ত চূড়ান্ত প্রতিবেদনের সুপারিশ অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| ৬ | ১টি Drilling Rig ক্রয় প্রসঙ্গে | প্রকল্প ব্যবস্থাপক জনাব মোঃ আনিসুর রহমান সোহেল সভায় জানান যে, প্রকল্পের অর্থায়নের প্রকৃতি নির্ধারণের পর লিক্যুইডিটি সার্টিফিকেট এর জন্য DPP পুনর্গঠন করে পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে।<br><br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক সার্বক্ষণিক যোগাযোগ রাখার জন্য নির্দেশনা প্রদান করেন। | মন্ত্রণালয়ের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। প্রকল্প ব্যবস্থাপক, সংশ্লিষ্ট প্রকল্প |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৭ | গভীর কূপ খনন প্রকল্প | উপমহাব্যবস্থাপক ও প্রকল্প ব্যবস্থাপক ড. মোঃ আশিক হোসেন সভায় বলেন যে, প্রকল্পের অর্থায়নের প্রকৃতি নির্ধারণের জন্য DPP ২২-০৪-২০২৪ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়েছে।<br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক গভীর কূপ খননের বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের আগ্রহ রয়েছে বলে সভাকে অবহিত করে অতীব গুরুত্বসহকারে কাজ করার জন্য পরামর্শ প্রদান করেন এবং পেট্রোবাংলা ও মন্ত্রণালয়ের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার নির্দেশনা দেন। | ক) বৈদেশিক পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে।<br>খ) DPP অনুমোদনের জন্য পেট্রোবাংলা এবং মন্ত্রণালয়ের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। প্রকল্প ব্যবস্থাপক, সংশ্লিষ্ট প্রকল্প |
| ৮ | বাপেক্স ভবনে Central AC স্থাপন | ব্যবস্থাপনা পরিচালক কেন্দ্রীয়ভাবে AC স্থাপনের বিষয়ে অগ্রগতি জানতে চাইলে মহাব্যবস্থাপক (প্রকৌশল) বলেন যে, Central AC স্থাপন করে এরকম একটি কোম্পানির সাথে যোগাযোগ করা হয়েছে। তারা শীঘ্রই বাপেক্স ভবন সরেজমিনে পরিদর্শন করবে বলে জানিয়েছেন। তাদের Report/মতামত অনুযায়ী পরবর্তী পদক্ষেপ নেয়া যেতে পারে।<br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক Central AC স্থাপনের বাস্তবায়ন অগ্রগতি পরবর্তী মাসিক সভায় উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করেন। | (ক) Central AC স্থাপনের বাস্তবায়ন অগ্রগতি পরবর্তী মাসিক সভায় উপস্থাপন করতে হবে। | (ক) মহাব্যবস্থাপক (প্রকৌশল) |
| ৯ | অডিট আপত্তি | উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা), (ভারপ্রাপ্ত) জানান যে, অডিট আপত্তিসমূহের জবাবসহ পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপনের জন্য একটি খসড়া কার্যপত্র প্রস্তুত রয়েছে।<br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক ২৯২টি অডিট আপত্তি এর মধ্যে কতটি নিষ্পত্তি হয়েছে জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা) জানান যে, নতুন আর কোন নিষ্পত্তি যোগ হয়নি।<br>ব্যবস্থাপনা পরিচালক আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য সার্বক্ষণিক অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ রাখার জন্য পরামর্শ প্রদান করেন। এ পর্যায়ে উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা), (ভারপ্রাপ্ত) জানান যে, RFQ এর ক্ষেত্রে প্রকিওরমেন্ট এনটিটি (পিই) বারবার পরিবর্তিত হওয়ায় কিছুটা সমস্যা হচ্ছে। প্রকল্প পরিচালক জনাব মোহাম্মদ মনিরুজ্জামান বলেন যে, প্রকল্পের ক্ষেত্রে বলা আছে প্রকিওরমেন্ট এনটিটি হবে প্রকল্প পরিচালক।<br>উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা), (ভারপ্রাপ্ত) এ ব্যাপারে একটি গাইডলাইন প্রত্যাশা করলে ব্যবস্থাপনা পরিচালক PPR 2008 এর বিধান অনুসরণ প্রকিওরমেন্ট এনটিটি (পিই) নির্ধারণ করার নির্দেশনা প্রদান করেন। | ক) অডিট আপত্তি বিষয়ে পরিচালনা পর্ষদকে অবহিত করার জন্য একটি কার্যপত্র প্রস্তুত করতে হবে।<br>খ) আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য সার্বক্ষণিক অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ রাখতে হবে।<br>(গ) PPR 2008 এর বিধান অনুসরণ প্রকিওরমেন্ট এনটিটি (পিই) নির্ধারণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>২। উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা) (ভারপ্রাপ্ত) |
| ১০ | অর্গানোগ্রাম প্রণয়ন সংক্রান্ত কার্যক্রম | ব্যবস্থাপনা পরিচালক অর্গানোগ্রাম প্রণয়ন সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি জানতে চাইলে মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) জানান যে, নতুন অর্গানোগ্রাম তৈরির কাজ চলমান রয়েছে। খুব শীঘ্রই নতুন অর্গানোগ্রাম তৈরির কাজ সম্পন্ন হবে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক নতুন অর্গানোগ্রামে ৬টি রিগ পরিচালনার জন্য প্রয়োজনীয় লোকবলের সংস্থান রেখে দ্রুত নতুন অর্গানোগ্রাম তৈরির কাজ সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। | ০৬টি রিগ পরিচালনার জন্য প্রয়োজনীয় লোকবলের সংস্থান রেখে দ্রুততম নতুন অর্গানোগ্রাম তৈরির কাজ সম্পন্ন করতে হবে। | আহবায়ক, অর্গানোগ্রাম প্রণয়ন কমিটি |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১১ | APAসংক্রান্তকার্যক্রম | APA টিম লিডার ও মহাব্যবস্থাপক (উৎপাদন) সভায় জানান যে, এপিএ সংক্রান্ত কার্যক্রমের সার্বিক অগ্রগতি এখন পর্যন্ত সন্তোষজনক। বেগমগঞ্জ-৪ কূপ খনন কাজ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করাই একটু চ্যালেঞ্জিং। | ক) APA এর লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট সকলকে দায়িত্ব সচেতন হতে হবে। | মহাব্যবস্থাপক (উৎপাদন) ও আহবায়ক, এপিএ কমিটি |
| ১২ | বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদার করা | ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, প্রধান কার্যালয়সহ বিভিন্ন প্রকল্প ও স্থাপনার নিরাপত্তার বিষয়ে জানতে চাইলে মহাব্যবস্থাপক (প্রশাসন) জানান যে, ১২ মে ২০২৪ তারিখে বাপেক্স ভবনে অগ্নি প্রতিরোধ, নির্বাপন, উদ্ধার ও জরুরি বর্হিগমন বিষয়ে মহড়া অনুষ্ঠিত হয়েছে। ১৩ মে ২০২৪ তারিখে ফায়ার রিস্ক অ্যাসেসমেন্ট সম্পন্ন হয়েছে। ২০, ২১ মে ২০২৪ তারিখে দুইদিন ব্যাপী কর্মকর্তাদের অগ্নি প্রতিরোধ, নির্বাপন, উদ্ধার ও প্রাথমিক চিকিৎসা বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স ভবনসহ বিভিন্ন প্রকল্প ও স্থাপনার নিরাপত্তার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার নির্দেশনা প্রদান করেন। | বাপেক্স ভবনসহ বিভিন্ন প্রকল্প ও স্থাপনার নিরাপত্তার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। উপমহাব্যবস্থাপক (সেবা)<br>৩। উপমহাব্যবস্থাপক (সেইফটি এন্ড এন এনভায়রনমেন্ট) |
| ১৩ | বিবিধ: | ১। নতুন যোগদানকৃত সহকারী ড্রিলার, ট্রেইনি ড্রিলারদের খনন সংক্রান্ত আন্তর্জাতিক লাইসেন্স নেই তাঁদের লাইসেন্স এর বিষয়ে কোন অগ্রগতি আছে কিনা জানতে চাইলে মহাব্যবস্থাপক (খনন) জানান যে, প্রতি ব্যাচে ১২ জন করে দুই দফায় ২৪ জনকে কর্মকর্তাকে আগামী আগস্ট, ২০২৪ মাসে প্রশিক্ষণে প্রেরণ করা যাবে মর্মে তিনি সভাকে অবহিত করেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ব্যবস্থাপনা পরিচালক নির্দেশনা প্রদান করেন।<br>২। বাপেক্সের গুরুত্বপূর্ণ Data-গুলি Digitalized এবং Update করা হয়েছে কি না জানতে চাইলে মহাব্যবস্থাপক ( আর এন্ড ডি) জানান যে, R & D বিভাগের সমস্ত Data-গুলি Digitalized এবংUpdate করার জন্য Bangladesh Computer Society (BCS) এর বিশেষজ্ঞদের পরামর্শক্রমে নিরাপদভাবে (Secure) সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কার্যক্রম চলমান আছে। এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য ব্যবস্থাপনা পরিচালক নির্দেশনা প্রদান করেন।<br>৩। আঞ্চলিক কার্যালয় চট্টগ্রামের ভারপ্রাপ্ত মহাব্যবস্থাপক জানান যে, কার্যালয়ের পার্শ্ববর্তী প্রধান সড়ক উঁচু হওয়ায় সামান্য বৃষ্টিপাত হলেই জলাবদ্ধতার সৃষ্টি হয় যার কারণে কার্যালয়ের নিচ তলায় সংরক্ষিত মালামাল, পার্টস, কেমিকেল নষ্ট হওয়ার শঙ্কা তৈরি হয়েছে। পাশাপাশি পতেঙ্গা ইয়ার্ডের গুদামগুলো মেরামত করা প্রয়োজন বলে তিনি সভাকে অবহিত করেন। এছাড়া আঞ্চলিক কার্যালয়ে লোকবল সংকট নিরসন এবং | ১) নতুন যোগদানকৃত সহকারি ড্রিলার, ট্রেইনি ড্রিলারদেরকে International Well Control Forum (IWCF) কোর্স সম্পন্ন করে লাইসেন্স প্রাপ্তি নিশ্চিত করতে হবে।<br>২) বাপেক্সের গুরুত্বপূর্ণ Data-গুলি Digitalized এবং Update করার জন্য Bangladesh Computer Society (BCS) এর বিশেষজ্ঞদের পরামর্শক্রমে নিরাপদভাবে (Secure) সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা দ্রুত করতে হবে। | ১) মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২) মহাব্যবস্থাপক (R & D)<br>৩) মহাব্যবস্থাপক (নির্মাণ) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | অস্থায়ীভাবে নিয়োজিত কর্মচারিদের বেতন বৃদ্ধির ব্যাপারে পদক্ষেপ গ্রহণের আহবান জানান।<br><br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক মহাব্যবস্থাপক (নির্মাণের) দৃষ্টি আকর্ষণ করলে তিনি জানান যে, আঞ্চলিক কার্যালয়ের ভেতরের রাস্তা উঁচু করার কার্যক্রম চলমান রয়েছে।<br><br>৪। উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা), (ভারপ্রাপ্ত) জানান যে, ফেঞ্চুগঞ্জ গ্যাসফিল্ডে প্রায় ১০০০০ লিটার মবিল/ডিজেল অনিরাপদ অবস্থায় পড়ে আছে। ব্যবস্থাপনা পরিচালক অব্যবহৃত মবিল/ডিজেল অন্য ফিল্ডে ব্যবহার এবং ব্যবহৃত মবিল/ডিজেল Tender এর মাধ্যমে বিক্রয়ের পরামর্শ প্রদান করেন। | | |

আলোচনার আর কোন বিষয় না থাকায় সকলের নিরাপদ জীবন ও সুস্বাস্থ্য কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১/০৬/২০২৪

মোঃ শোয়েব
ব্যবস্থাপনা পরিচালক
এবং
সভাপতি, মাসিক সমন্বয় সভা

বিতরণ:

১) মহাব্যবস্থাপক ......................................................................................, বাপেক্স।
২) উপমহাব্যবস্থাপক ..................................................................................., বাপেক্স।
৩) প্রকল্প পরিচালক/স্থাপনা প্রধান/ প্রকল্পব্য বস্থাপক..........................................................,বাপেক্স।
৪) অফিস কপি।